



বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন Bangladesh Merchant Marine Officers' Association

(Trade Union Reg. No: B-1834, ITF Affiliated Union No. BAN 014)



স্মারক নং- ৪৭৭/২০২৪

তারিখঃ ২৯/০৯/২০২৪ইং

বিজ্ঞপ্তি

বিষয়ঃ বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন (BMMOA)-এর ঢাকা গেস্ট হাউজের বর্তমান ঠিকানা পরিবর্তন প্রসঙ্গে;

এতদ্বারা বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন (BMMOA)-এর সকল সদস্যবৃন্দের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকায় অবস্থিত এসোসিয়েশনের গেস্ট হাউজ যার বর্তমান ঠিকানা 6/A/1, Eskaton Garden Road, Ramna, Dhaka-1000, বাড়ীর মালিক হতে প্রাপ্ত বাড়ী ছাড়ার নোটিশের পরিপ্রেক্ষিতে আগামী ২৫/১০/২০২৪ইং তারিখের মধ্যে নতুন ঠিকানা Adroit Bluemoon (Apartment No: A-6, A-7) 6th and 7th Floor, Holding # 34, Road # 12, Sector # 10, Uttara Model Town, Dhaka-1230-এ স্থানান্তর করা হবে।

উল্লেখ্য যে, সদস্যদের সার্বিক সুবিধার বিষয় বিবেচনায় রেখে নতুন ঠিকানায় প্রায় ৪১০০ (চার হাজার একশত) বর্গফুটের ২ (দুই) টি ফ্ল্যাট ভাড়া নেয়া হয়েছে। নতুন ঠিকানায় হতে নিম্নলিখিত সুবিধাদি খুব সহজেই পাওয়া যাবেঃ

- ১। উত্তরা-উত্তর মেট্রো রেল স্টেশনের সন্নিহিতে হওয়ায় অল্প সময়ের মধ্যে নৌপরিবহন অধিদপ্তর (Department of Shipping) অফিসে যাতায়াত করা যাবে;
- ২। উত্তরাতে অবস্থিত বিভিন্ন মেরিটাইম ট্রেনিং ইনস্টিটিউটগুলোতে খুব সহজেই এবং কম খরচে যাতায়াত করা যাবে;
- ৩। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের সন্নিহিতে হওয়ায় জাহাজে যোগদান ও প্রত্যাবর্তনের সময় খুব কম সময়ে গেস্ট হাউজ হতে যাতায়াত করা যাবে এবং
- ৪। বিমান বন্দর রেল স্টেশন সন্নিহিতে হওয়ায় দেশের বিভিন্ন জেলার সদস্যগণ খুব সহজেই গেস্ট হাউজে যাতায়াতে করতে পারবেন।

আমরা আশা করছি যে, আগামী ১৫ই নভেম্বর ২০২৪ইং তারিখের মধ্যে নতুন ঠিকানায় গেস্ট হাউজ চালু করা যাবে। নতুন ঠিকানায় গেস্ট হাউজ চালু করার সাথে সাথে সকল ধরনের সুযোগ-সুবিধা, ভাড়া ও সঠিক গুগল লোকেশন সদস্যদের সুবিধার্থে এসএমএস, ইমেইল এবং এসোসিয়েশনের ওয়েব সাইটে প্রদানের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

বিঃদ্রঃ এই সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য এসোসিয়েশনের মোবাইল নাম্বারে (+৮৮০১৭০৮-৫২৭৮১৪/ ১৫) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

মেরিন ইঞ্জিঃ মোঃ শাখাওয়াত হোসেন
সাধারণ সম্পাদক

বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন

ক্যাপ্টেন মোঃ আনাম চৌধুরী
সভাপতি

বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন